রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
সোমবার | ৬ জুলাই ২০২৬ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৬তম বর্ষ ২৮৫ সংখ্যা | ২২ আষাঢ় ১৪৩৩ সাল | ২০ মহররম ১৪৪৮ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

কনফিডেন্স সিমেন্ট
A গ্রেড ক্লিংকার
☎01755550035-36



*প্রিমিয়ার ভার্সিটি ও কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেন মেয়র ডা. শাহাদাত হোসেন*

## প্রিমিয়ার ভার্সিটিতে নগর গবেষণা কেন্দ্রের উদ্বোধন

# নগরের সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধান করতে চাই : মেয়র

চট্টগ্রাম সিটি করপোরেশন ও প্রিমিয়ার ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার'এর উদ্বোধন করা হয়েছে। গতকাল রোববার
আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেয়র ডা. শাহাদাত হোসেন। সম্মানিত অতিথি ছিলেন কানাডার কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্স। উল্লেখ্য, ২০২৫ সালের জুলাই মাসে চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন কানাডার কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন এবং বিশ্ববিদ্যালয়টির ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্সের সঙ্গে শিক্ষা, গবেষণা সহযোগিতা বিষয়ে মতবিনিময় করেন। সেই আলোচনার ধারাবাহিকতায় প্রতিষ্ঠিত হলো 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার'।

উদ্বোধনের আগে প্রিমিয়ার ভার্সিটি ও কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ গবেষণা, উন্নয়ন কার্যক্রম এবং শিক্ষক-শিক্ষার্থী বিনিময় বিষয়ে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। এ সমঝোতার মাধ্যমে দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে আন্তর্জাতিক মানের গবেষণা, একাডেমিক সহযোগিতা এবং জ্ঞান বিনিময়ের নতুন দিগন্ত উন্মোচিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির, ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান হোসেন মুরাদ এবং ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের কাউন্সেলর ফাইজা চৌধুরী। চসিকের পক্ষে উপস্থিত ছিলেন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা রক্তিম চৌধুরী এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মঈনুল হোসেন চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে ডা. শাহাদাত হোসেন বলেন, আধুনিক, টেকসই ও নাগরিকবান্ধব নগর গড়ে তুলতে গবেষণা, উদ্ভাবন এবং প্রযুক্তিনির্ভর সমাধানের কোনো বিকল্প নেই। 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' নগরসেবার বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তার কার্যকর সমাধান উদ্ভাবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি বলেন, আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এ ধরনের অংশীদারিত্ব চট্টগ্রামকে জ্ঞানভিত্তিক ও স্মার্ট সিটিতে রূপান্তরের পথে আরও একধাপ এগিয়ে নেবে।

কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্স বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও চসিকের সঙ্গে এই সহযোগিতাকে আমরা গুরুত্বের সঙ্গে দেখি। যৌথ গবেষণা, উদ্ভাবন এবং শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের মাধ্যমে আমরা এমন একটি অংশীদারিত্ব গড়ে তুলতে চাই, যা কেবল দুই প্রতিষ্ঠানের জন্য নয়, বরং স্থানীয় ও বৈশ্বিক বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর জ্ঞান ও সমাধান তৈরি করবে। উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠালগ্ন থেকেই আন্তর্জাতিক মানের শিক্ষা ও গবেষণার পরিবেশ গড়ে তুলতে কাজ করে যাচ্ছে। আজকের এই উদ্যোগ সেই ধারাবাহিকতার একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এই সেন্টার থেকে উদ্ভাবিত গবেষণা ও নীতিগত সুপারিশ নগর উন্নয়ন এবং জনসেবার মানোন্নয়নে বাস্তব অবদান রাখবে।

অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ নবপ্রতিষ্ঠিত 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' পরিদর্শন করেন এবং এর ভবিষ্যৎ কার্যক্রমের সফলতা কামনা করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 06 July 2026, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-07-6

চট্টগ্রাম সোমবার ৬ জুলাই ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ১৩১ তম সংখ্যা । । ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ । । ২০ মহররম ১৪৪৮ হিজরি । । Monday 6 July 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে নগর গবেষণা কেন্দ্র উদ্বোধন*

# নগরীর সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধান করতে চাই: মেয়র

নিজস্ব প্রতিবেদক ■

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও প্রিমিয়ার ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার'-এর আনুষ্ঠানিক উদ্বোধন প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়।

গতকাল রবিবার বিকাল সাড়ে তিনটায় আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সেন্টারটির উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কানাডার কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্স। রিসার্চ সেন্টার উদ্বোধনের আগে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ গবেষণা, উন্নয়ন কার্যক্রম এবং শিক্ষক-শিক্ষার্থী বিনিময় বিষয়ে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। এ সমঝোতার মাধ্যমে দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে আন্তর্জাতিক মানের গবেষণা, একাডেমিক সহযোগিতা এবং জ্ঞান বিনিময়ের নতুন দিগন্ত উন্মোচিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির, ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ

● ২য় পৃষ্ঠার ৭ম ক.



*প্রিমিয়ার ইউনিভার্সিটি ও কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সিটি মেয়র ডা. শাহাদাত হোসেনসহ অতিথিবৃন্দ*

চট্টগ্রাম সোমবার ৬ জুলাই ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৪১তম বর্ষ ১৩১ তম সংখ্যা ।। ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ ।। ২০ মহররম ১৪৪৮ হিজরি ।। Monday 6 July 2026 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# নগরীর সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধান

● ৮ম পৃষ্ঠার পর

ইফতেখার মনির, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান হোসেন মুরাদ এবং ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের কাউন্সেলর ফাইজা চৌধুরী। চট্টগ্রাম সিটি করপোরেশনের পক্ষে উপস্থিত ছিলেন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা রক্তিম চৌধুরী এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মঈনুল হোসেন চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, একটি আধুনিক, টেকসই ও নাগরিকবান্ধব নগর গড়ে তুলতে গবেষণা, উদ্ভাবন এবং প্রযুক্তিনির্ভর সমাধানের কোনো বিকল্প নেই। 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' নগরসেবার বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তার কার্যকর সমাধান উদ্ভাবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি এই প্রতিষ্ঠানের গুরুত্ব ও করণীয় বিশদভাবে উল্লেখ করেন। মেয়র আরও বলেন, আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এ ধরনের অংশীদারিত্ব চট্টগ্রামকে জ্ঞানভিত্তিক ও স্মার্ট সিটিতে রূপান্তরের পথে আরও একধাপ এগিয়ে নেবে। তিনি প্রিমিয়ার ইউ-নিভার্সিটির বিভিন্ন অর্জনের কথা তুলে ধরেন। বিশেষ করে তিনি সাম্প্রতিককালে প্রিমিয়ার ইউনিভার্সিটির পাঁচটা স্নাতক পর্যায়ের প্রোগ্রামের বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল থেকে অ্যাক্রেডিটেশন অর্জনের কথা ও তার তাৎপর্য বর্ণনা করেন। কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্স বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সঙ্গে এই সহযোগিতাকে আমরা অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখি। যৌথ গবেষণা, উদ্ভাবন এবং শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের মাধ্যমে আমরা এমন একটি অংশীদারিত্ব গড়ে তুলতে চাই, যা কেবল দুই প্রতিষ্ঠানের জন্য নয়, বরং স্থানীয় ও বৈশ্বিক বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর জ্ঞান ও সমাধান তৈরি করবে। এই ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার ভবিষ্যতের গবেষণা ও উদ্ভাবনের একটি শক্তিশালী ভিত্তি হয়ে উঠবে বলে আমরা বিশ্বাস করি।

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠালগ্ন থেকেই আন্তর্জাতিক মানের শিক্ষা ও গবেষণার পরিবেশ গড়ে তুলতে কাজ করে যাচ্ছে। আজকের এই উদ্যোগ সেই ধারাবাহিকতার একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমাদের এই ত্রিপক্ষীয় সহযোগিতা গবেষণা, উদ্ভাবন, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং আন্তর্জাতিক একাডেমিক সংযোগকে আরও সমৃদ্ধ করবে। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ নবপ্রতিষ্ঠিত 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' পরিদর্শন করেন এবং এর ভবিষ্যৎ কার্যক্রমের সফলতা কামনা করেন।

Ref: Daily Purbokone, Date: 06 July 2026, Page: 8, Col: 6

https://www.edainikpurbokone.net/index.php?page=8&date=2026-07-06

সোমবার
চট্টগ্রাম
৬ জুলাই ২০২৬
২২ আষাঢ় ১৪৩৩
২০ মহররম ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-১৮৯

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪ বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' উদ্বোধন অনুষ্ঠানে মেয়র ডা. শাহাদাত হোসেন, কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্স ও অন্যরা

## প্রিমিয়ারে 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' উদ্বোধন

# নগরীর সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধান করতে চাই : মেয়র

চট্টগ্রাম সিটি করপোরেশন ও প্রিমিয়ার ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার'-এর আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। গতকাল রবিবার বিকাল সাড়ে তিনটায় আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সেন্টারটির উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কানাডার কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্স।

উল্লেখ্য, ২০২৫ সালের জুলাই মাসে চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন কানাডার কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন এবং বিশ্ববিদ্যালয়টির ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্সের সঙ্গে শিক্ষা, গবেষণা ও আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ে ফলপ্রসূ মতবিনিময় করেন। সেই আলোচনার ধারাবাহিকতায় প্রতিষ্ঠিত হলো 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার', যা নগর ব্যবস্থাপনা, উদ্ভাবন, গবেষণা এবং আন্তর্জাতিক সহযোগিতার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

রিসার্চ সেন্টার উদ্বোধনের আগে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ গবেষণা, উন্নয়ন কার্যক্রম এবং শিক্ষক-শিক্ষার্থী বিনিময় বিষয়ে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। এ সমঝোতার মাধ্যমে দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে আন্তর্জাতিক মানের গবেষণা, একাডেমিক সহযোগিতা এবং জ্ঞান বিনিময়ের নতুন দিগন্ত উন্মোচিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির, ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান হোসেন মুরাদ এবং ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের কাউন্সেলর ফাইজা চৌধুরী। চট্টগ্রাম সিটি করপোরেশনের পক্ষে উপস্থিত ছিলেন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা রক্তিম চৌধুরী এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মঈনুল হোসেন চৌধুরী।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, একটি আধুনিক, টেকসই ও নাগরিকবান্ধব নগর গড়ে তুলতে গবেষণা, উদ্ভাবন ➤ পৃষ্ঠা ৭, কলাম ১.

সোমবার
চট্টগ্রাম
৬ জুলাই ২০২৬
২২ আষাঢ় ১৪৩৩
২০ মহররম ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-১৮৯
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4

# নগরীর সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধান

● প্রথম পৃষ্ঠার পর

এবং প্রযুক্তিনির্ভর সমাধানের কোনো বিকল্প নেই। 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' নগরসেবার বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তার কার্যকর সমাধান উদ্ভাবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

তিনি এই প্রতিষ্ঠানের গুরুত্ব ও করণীয় বিশদভাবে উল্লেখ করেন। তিনি আরও বলেন, আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এ ধরনের অংশীদারিত্ব চট্টগ্রামকে জ্ঞানভিত্তিক ও স্মার্ট সিটিতে রূপান্তরের পথে আরও একধাপ এগিয়ে নেবে। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন অর্জনের কথা তুলে ধরেন। বিশেষ করে তিনি সাম্প্রতিককালে প্রিমিয়ার ইউনিভার্সিটির পাঁচটা স্নাতক পর্যায়ের প্রোগ্রামের বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল থেকে অ্যাক্রেডিটেশন অর্জনের কথা ও তার তাৎপর্য বর্ণনা করেন।

কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. টিম ইভান্স বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও চট্টগ্রাম সিটি করপোরেশনের সঙ্গে এই সহযোগিতাকে আমরা অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখি। যৌথ গবেষণা, উদ্ভাবন এবং শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের মাধ্যমে আমরা এমন একটি অংশীদারিত্ব গড়ে তুলতে চাই, যা কেবল দুই প্রতিষ্ঠানের জন্য নয়, বরং স্থানীয় ও বৈশ্বিক বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর জ্ঞান ও সমাধান তৈরি করবে। এই ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার ভবিষ্যতের গবেষণা ও উদ্ভাবনের একটি শক্তিশালী ভিত্তি হয়ে উঠবে বলে আমরা বিশ্বাস করি।

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠালগ্ন থেকেই আন্তর্জাতিক মানের শিক্ষা ও গবেষণার পরিবেশ গড়ে তুলতে কাজ করে যাচ্ছে। আজকের এই উদ্যোগ সেই ধারাবাহিকতার একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

চট্টগ্রাম সিটি করপোরেশন এবং কনকর্ডিয়া বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমাদের এই ত্রিপক্ষীয় সহযোগিতা গবেষণা, উদ্ভাবন, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং আন্তর্জাতিক একাডেমিক সংযোগকে আরও সমৃদ্ধ করবে। আমরা বিশ্বাস করি, এই সেন্টার থেকে উদ্ভাবিত গবেষণা ও নীতিগত সুপারিশ নগর উন্নয়ন এবং জনসেবার মানোন্নয়নে বাস্তব অবদান রাখবে। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ নবপ্রতিষ্ঠিত 'সিটি সার্ভিস ইনকিউবেটর অ্যান্ড রিসার্চ সেন্টার' পরিদর্শন করেন এবং এর ভবিষ্যৎ কার্যক্রমের সফলতা কামনা করেন। খবর বিজ্ঞপ্তির

Ref: Daily Purbodesh, Date: 06 July 2026, Page: 1, Col: 6
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-07-6